

পাসপোর্ট : রি-ইস্যু

- ১। পাসপোর্টের জন্য আবেদনকারীর যোগ্যতা : বাংলাদেশী পাসপোর্টধারী ব্যক্তিবর্গ এমআরপি পাসপোর্ট রি-ইস্যু করার জন্য আবেদন করতে পারবেন।
- ২। আবেদন করার প্রয়োজনীয় নথিপত্র :
 - ক। পূরণকৃত ডি.আই.পি ফরম নং-২ এর ০১ (এক) কপি।
 - খ। পুরাতন পাসপোর্টের ফটোকপি।
 - গ। তথ্য পরিবর্তনের স্বপক্ষে নথিপত্র।
 - ঘ। আসল (মূল) পাসপোর্ট প্রদর্শন করাতে হবে।
 - ঙ। অফিসিয়াল পাসপোর্টের ক্ষেত্রে সরকারী আদেশ (জিও) দাখিল করতে হবে।
 - চ। অবসর প্রাপ্তদের ক্ষেত্রে পেনশনবুকের ফটোকপি প্রদান সাপেক্ষে সাধারণ ফি' তে জরুরী সেবা প্রদান করা হবে।
 - ছ। ছবি এবং স্বাক্ষর পরিবর্তনের ক্ষেত্রে স্বশরীরে উপস্থিত হওয়া।
 - জ। স্থায়ী ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে পূরণকৃত ডি.আই.পি ফরম-১ এর ০২ (দুই) কপি।
 - ঝ। নাম এবং জন্ম তারিখ পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষাগত সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- ৩। ফি এর পরিমাণ :
 - ক। সাধারণ - ৩৪৫০.০০ (তিন হাজার চারশত পঞ্চাশ টাকা মাত্র)। খ। জরুরী - ৬৯০০.০০ (ছয় হাজার নয়শত টাকা মাত্র)।
 - গ। মেয়াদ উত্তীর্ণ পাসপোর্টের ক্ষেত্রে প্রতি বছরের জন্য ৩৪৫.০০ (তিনশত পয়তাল্লিশ টাকা মাত্র) অতিরিক্ত জমা করতে হবে।
- ৪। ফি জমা করণ : নিম্নোক্ত ব্যাংক সমূহে অনলাইনে টাকা জমা করতে হবে, তবে সোনালী ব্যাংকে অনলাইন ছাড়াও স্বাভাবিক পদ্ধতিতে টাকা জমা করা যাবে :
 - ক। ট্রাষ্ট ব্যাংক লিঃ
 - খ। ওয়ান ব্যাংক
 - গ। ব্যাংক এশিয়া
 - ঘ। প্রিমিয়ার ব্যাংক
 - ঙ। ঢাকা ব্যাংক